

কুমারখালী উপজেলা পরিষদ
কুষ্টিয়া

স্মারক নং- ৩৩.০২.৫০৭১.৫০১.৩৪.০০১.২০

তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ টা

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনার সার সংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/ব্যক্তি
১	জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২১ উদযাপন	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জ্ঞানান, জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ সফলভাবে সম্পন্ন হয়েছে। সংবাদ সম্মেলন, পোনা অবমুক্তি, মৎস্যচাষীদের উপকরণ বিতরণ, প্রামাণ্যচিত্র প্রদর্শনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।		জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২১ উদযাপন কমিটি /সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
২	পোনামাছ অবমুক্তকরণ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জ্ঞানান, রাজস্ব খাতের আওতায় মোট ১৪ টি প্রাতিষ্ঠানিক পুকুরে ৪৪৭ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে।		সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/সংশ্লিষ্ট কমিটি
৩	বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে জেলেদের তালিকা প্রণয়ন	“ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প” এর আওতায় মোট দশ (১০) জন সুফলভোগী জেলে প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়েছে। অনুমোদিত সুফলভোগীর তালিকা কার্যবিবরণী সহকারে জেলা মৎস্য কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে।	সুফলভোগী জেলেদের মাঝে অতিদ্রুত উপকরণ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি /সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
৪	ইলিশ সংরক্ষণ অভিযান	ইলিশ সংরক্ষণ অভিযান আগামী অক্টোবর মাসে শুরু হবে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা অভিযান পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহায়তা কামনা করেন। অভিযান পরিচালনার ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ তহবিল থেকে মৎস্য সম্পদ সংরক্ষণ খাতে প্রকল্প প্রনয়নের বিষয়ে আলোচনা হয়।	জনসচেতনতা সৃষ্টি ও কার্যকরী অভিযান পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত হয়। উপজেলা পরিষদ তহবিল থেকে মৎস্য সম্পদ সংরক্ষণ খাতে প্রকল্প প্রনয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/সংশ্লিষ্ট কমিটি

৫	ইউজিডিপির অর্থায়নে প্রশিক্ষণ সংক্রান্ত	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ থেকে ইউজিডিপির অর্থায়নে “আধুনিক পদ্ধতিতে নারী খামারিদের দেশীয় হাস-মুরগি পালন বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ” অনুমোদিত হয়।	বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, “আধুনিক পদ্ধতিতে নারী খামারিদের দেশীয় হাস-মুরগি পালন বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ” উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিস বাস্তবায়ন করবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
৬	উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম সংক্রান্তঃ	উপজেলা প্রাণিসম্পদ অফিস কুমারখালী কুষ্টিয়ার সম্প্রসারণ কার্যক্রম (টিকা, চিকিৎসা, পরামর্শ ইত্যাদি) স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। নিয়মিতভাবে আবাসন প্রকল্পে ফ্রি ভেটেরিনারি মেডিকলে ক্যাম্প করা হয়েছে। LDDP প্রকল্পের আওতায় ২৭ টি প্রডিউসার গ্রুপ গঠন করা হয়েছে। এছারা অত্র দপ্তরের অন্যান্য প্রকল্পসমূহের কার্যক্রম ও স্বাভাবিক নিয়মেই চলমান আছে।		উপজেলা প্রাণিসম্পদ অফিসার

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/১১/২১

(মোছাঃ মেরিনা আক্তার মিনা)

মহিলা ভাইস চেয়ারম্যান ও

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি

কুমারখালী, কুষ্টিয়া

তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং- ৩৩.০২.৫০৭১.৫০১.৩৪.০০১.২০২১/১০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
- ৩। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
- ৪। চেয়ারম্যান পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
- ৫। অফিস নথি।

১০/০৯/২১

(মোঃ মাহমুদুল হাসান)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও

সদস্য সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি

কুমারখালী, কুষ্টিয়া